# উপজেলা পরিষদ

সুনামগঞ্জ সদর সুনামগঞ্জ।

ওয়েব :sadar.sunamganj.gov.bd

## উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব অতীশ দর্শী চাকমা
প্রশাসক, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর ও উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
তারিখ : ২৮ নভেম্বর ২০২৪ খ্রি.।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
সময় : সকাল ১১:৩০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-'ক')

সভার শুরুতে সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানান। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে সংশোধনী বা সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর, সভায় জানান গত ২৭ নভেম্বর ২০২৪ তারিখ ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (ADP) এর প্রকল্প যাচাই বাছাই কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় খাতওয়ারী প্রকল্প বিভাজন করে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (ADP) এর প্রকল্প তালিকা চূড়ান্ত করা হয়। তিনি ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (ADP) এর চূড়ান্ত প্রকল্প তালিকা পরিশিষ্ট-'খ' অনুমোদন ও বাস্তবায়নের জন্য সভাকে অনুরোধ জানান। | আলোচনান্তে ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (ADP) এর প্রকল্প যাচাই বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত চূড়ান্ত প্রকল্প তালিকা পরিশিষ্ট- 'খ' উপজেলা পরিষদ সভায় অনুমোদন ও বাস্তবায়নের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার সুনামগঞ্জ সদর<br>২। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর<br>৩। সংশ্লিষ্ট সকল। |
| ২. | উপজেলা কৃষি অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান সুনামগঞ্জ সদর উপজেলায় বর্তমানে মাঠে আমন ধান কর্তন চলমান রয়েছে এবং পাশাপাশি আসন্ন বোরো মৌসুমের বীজতলা তৈরীর কাজ চলমান রয়েছে। ইতোমধ্যে ৫০০০ জন কৃষকের মধ্যে বোরো ধানের হাইব্রীড বীজের প্রনোদনা বিতরন সম্পন্ন হয়েছে। জেলা প্রশাসক, সুনামগঞ্জ মহোদয়ের অর্থায়নে ৫৬০ জন কৃষকের মাঝে বিনামূল্যে সরিষার বীজ বিতরন সম্পন্ন হয়েছে। এছাড়া কৃষি বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আলোচনান্তে আসন্ন বোরো মৌসুমের বীজতলা তৈরীর কাজে কৃষকদের পরামর্শ প্রদান এবং দ্রুত বীজ কৃষকের হাতে পৌছে দেয়ার জন্য উপজেলা কৃষি অফিসার, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। |
| ৩. | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান বিগত ২৪ অক্টোবর ২০২৪ থেকে HPV Vaccination Campaign শুরু হয়ে ৫ম-৯ম শ্রেণীর ছাত্রী এবং কমিউনিটিতে বাড়ে পড়া কিশোরী যাদের বয়স ১০-১৪ বছর তাদের মধ্যে টিকাদান কার্যক্রম সম্পন্ন হয়েছে। আমাদের লক্ষ্য ছিল এগারো হাজার যার মধ্যে ৯৫.৫% সম্পন্ন | আলোচনান্তে HPV Vaccination Campaign সফলভাবে সম্পন্ন হওয়ায় উপজেলা স্বাস্থ্য বিভাগসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়। তাছাড়া ডেঙ্গু ও ম্যালেরিয়া প্রতিরোধে সবার | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, সুনামগঞ্জ সদর<br>ও<br>সংশ্লিষ্ট সকল। |

Scanned with OKEN Scanner

| | | | |
|---|---|---|---|
| | হয়েছে। এছাড়া বৈষম্যবিরোধী ছাত্র জনতার আন্দোলনে আহত ২৮ জনের চূড়ান্ত তালিকা সিভিল সার্জন অফিসে জমা দেয়া হয়েছে। কমিউনিটি ক্লিনিকগুলোতে CHCP দের মাধ্যমে সপ্তাহে ০৬ দিন সেবা প্রদান কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তবে বনগাঁও ও হাসাউরা কমিউনিটি ক্লিনিকে CHCP পদ শূন্য রয়েছে। পার্শ্ববর্তী ক্লিনিকের CHCP দিয়ে সপ্তাহে ৩দিন সেবা কার্যক্রম চালু রাখা হয়েছে। ডেঙ্গু ও ম্যালেরিয়া প্রতিরোধে সবার বসত বাড়ির আঙ্গিনা ও বসতস্থল পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য অনুরোধ জানান। তাছাড়া EPI কার্যক্রম, TB Control প্রোগ্রাম, Leprosy Control প্রোগ্রাম, Malaria Control প্রোগ্রাম এবং স্বাস্থ্য বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বসত বাড়ির আঙ্গিনা ও বসতস্থল পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য অনুরোধ জানানো হয়। | |
| ৪. | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান এখন হাওর ও বিলে মাছ ধরার মৌসুম, তাই ইজারাদারা যাতে হাওর ও বিল শুকিয়ে মাছ ধরতে না পারে সেদিকে সকলের সজাগ দৃষ্টি রাখতে হবে। এভাবে হাওর ও বিল শুকিয়ে মাছ ধরলে মাছের প্রজাতি ধ্বংস হয়ে যাবে। তাই কোন হাওর ও বিল শুকিয়ে মাছ ধরার তথ্য পাওয়া গেলে তা দ্রুত সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে জানানোর জন্য অনুরোধ জানান। | আলোচনান্তে কেউ যাতে হাওর ও বিল শুকিয়ে মাছ ধরতে না পারে সেদিকে সকলের সজাগ দৃষ্টি রাখার জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণ ও সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সুনামগঞ্জ সদর ও চেয়ারম্যান (সকল) ইউ/পি সুনামগঞ্জ সদর। |
| ৫. | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান মাঠ পর্যায়ে খামারীদের বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা অর্জন বৃদ্ধির পাশাপাশি, ভ্যাক্সিন প্রোগ্রাম এবং কৃত্রিম প্রজনন কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া ০৮.০৯.২০২৪ তারিখ হতে ২৯.০৯.২০২৪ তারিখ পর্যন্ত পি.পি.আর ভ্যাক্সিন প্রদান করা হয়েছে। তাছাড়া প্রাণিসম্পদ বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আলোচনান্তে পি.পি.আর ভ্যাক্সিন কার্যক্রম সফলভাবে সম্পন্ন করায় উপজেলা প্রাণিসম্পদ বিভাগসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। |
| ৬. | উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহের শ্রেণি কার্যক্রম চলমান রয়েছে। ডিসেম্বর/২৪ মাসে প্রথম ও দ্বিতীয় শ্রেণির ধারাবাহিক মূল্যায়ন কার্যক্রম এবং সর্বশেষ নির্দেশনার আলোকে তৃতীয় থেকে পঞ্চম শ্রেণির তৃতীয় প্রান্তিক (বার্ষিক) মূল্যায়ন কার্যক্রম অনুষ্ঠিত হবে। ২০২৫ সালে বিনামূলে বিতরনের জন্য প্রাথমিক বিদ্যালয় সমূহের পাঠ্যপুস্তক এখনও পাওয়া যায়নি, প্রাপ্তি সাপেক্ষে নির্দেশনার আলোকে বিদ্যালয়সমূহে বিতরন করা হবে। এছাড়া প্রাথমিক শিক্ষা বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আলোচনান্তে ১লা জানুয়ারি ২০২৫ সালে বিনামূলে বিতরনের জন্য সরকারি প্রাথমিক বিদ্যালয় সমূহের পাঠ্যপুস্তক পাওয়া মাত্রই দ্রুত পৌঁছে দেয়ার পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর। |
| ৭. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান ২টি মাধ্যমিক বিদ্যালয়ের ভবন | আলোচনান্তে মাধ্যমিক বিদ্যালয়গুলোর বার্ষিক পরীক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, |

| | | | |
|---|---|---|---|
| | নির্মাণের অসমাপ্ত কাজ দীর্ঘ বন্ধ ছিল বর্তমানে ঠিকাদার সেগুলির কাজ চালু করেছেন। তিনি আরও জানান সুনামগঞ্জ সদর উপজেলার সকল মাধ্যমিক বিদ্যালয়গুলোতে বার্ষিক পরীক্ষা চলমান রয়েছে। এছাড়া মাধ্যমিক শিক্ষা বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | দ্রুত সম্পন্ন করে ১লা জানুয়ারি ২০২৫ সালে বই বিতরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | সুনামগঞ্জ সদর। |
| ৮. | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, সুনামগঞ্জ সদর সভায় জানান ২০২৪-২০২৫ অর্থ বছরে বন্যায় ক্ষতিগ্রস্ত পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার পুনর্নির্মাণে জরুরী সহায়তা প্রকল্পের আওতায় ৫০০টি সাবমার্সিবলযুক্ত গভীর নলকূপ এবং ৫০টি হস্ত চালিত গভীর নলকূপের স্থান নির্বাচনের লক্ষ্যে UNDP কর্তৃক জরিপ কাজ চলমান রয়েছে। এছাড়া জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আলোচনান্তে নলকূপ স্থাপনের স্থান নির্বাচনের লক্ষ্যে UNDP কর্তৃক জরিপ কাজ দ্রুত সম্পন্ন করার জন্য সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, সুনামগঞ্জ সদর। |
| ৯. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান টিআর ও কাবিটার বরাদ্দ এখনও পাওয়া যায়নি। অতি দ্রুত টিআর ও কাবিটার বরাদ্দ পাওয়া যাবে মর্মে মন্ত্রণালয় থেকে জানা গেছে। তিনি সকল ইউ/পি চেয়ারম্যানগণকে বিশেষ করে বিগত বন্যায় যে সকল রাস্তা/ঘাট ক্ষতিগ্রস্থ হয়েছে সেগুলির অগ্রধিকার ভিত্তিতে তালিকা তৈরী করে দ্রুত জমা প্রদানের জন্য অনুরোধ জানান। তিনি আরও জানান ২০০ প্যাকেট শুকনা খাবার ইউপি চেয়ারম্যানদের অনুকূলে বরাদ্দ দেয়া হয়েছে। তিনি শুকনা খাবার দ্রুত বিতরণ করে মাস্টাররোল জমা প্রদানের জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তাছাড়া বীর নিবাস এর উপকারভোগী স্বচ্ছল না অস্বচ্ছল তা যাচাই বাছাই করে ৯৬ জন বীর মুক্তিযোদ্ধার মধ্যে সবাইকে অস্বচ্ছল পাওয়া যায়। তিনি দ্রুত মন্ত্রণালয় বরাবর প্রতিবেদন প্রেরণ করার জন্য উপজেলা সমাজসেবা অফিসার, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানান। এছাড়া প্রকল্প বাস্তবায়ন বিভাগের অনান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আলোচনান্তে ২০০ প্যাকেট শুকনা খাবার বিতরণের মাস্টাররোল দ্রুত জমা প্রদানের জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয় এবং বীর নিবাস এর উপকারভোগী স্বচ্ছল না অস্বচ্ছল তার তদন্ত প্রতিবেদন দ্রুত মন্ত্রণালয় বরাবর প্রেরণ করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর<br>২। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর<br>৩। চেয়ারম্যান (সকল) ইউ/পি সুনামগঞ্জ সদর। |
| ১০. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান ঋণ বিতরন ও আদায় এবং প্রশিক্ষণ কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে। এছাড়া যুব উন্নয়ন অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।<br>উপরোক্ত যুব উন্নয়ন বিভাগের প্রশিক্ষণ প্রদানের বিষয়ে চেয়ারম্যান, মোল্লাপাড়া ইউ/পি, সুনামগঞ্জ সদর সভায় জানান উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা প্রশিক্ষণার্থী বাছাইয়ের ক্ষেত্রে তিনি কোন ইউ/পি চেয়ারম্যানদের অবগত করেন না। এ বিষয়ে সকল ইউ/পি চেয়ারম্যান একমত পোষণ করেন এবং ভবিষ্যতে কোন ইউনিয়নে যুব উন্নয়নের প্রশিক্ষণ অনুষ্ঠিত হলে সংশ্লিষ্ট ইউ/পি চেয়ারম্যানগণকে অবগত করে প্রশিক্ষণার্থী বাছাইয়ের জন্য অনুরোধ | আলোচনান্তে যুব উন্নয়ন বিভাগের কোন প্রশিক্ষণ ইউনিয়ন পরিষদে অনুষ্ঠিত হলে প্রশিক্ষণার্থী নির্বাচনের ক্ষেত্রে তা সংশ্লিষ্ট ইউ/পি চেয়ারম্যানগণকে অবগত করে নির্বাচন করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। |

Scanned with OKEN Scanner

| | | | |
|---|---|---|---|
| | জানান।<br>এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে ভবিষ্যতে কোন প্রশিক্ষণ আসলে প্রশিক্ষণার্থী নির্বাচনের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউ/পি চেয়ারম্যানগণকে অবগত করে প্রশিক্ষণার্থী বাছাইয়ের জন্য অনুরোধ জানান। | | |
| ১১. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ সদর সভায় জানান মল্লিকপুর এলএসডিতে বর্তমানে ৭২১৬ মে.টন সিদ্ধ চাল, ২৩০ মে.টন আতপ চাল এবং ৬৭৮ মে.টন গম মজুদ রয়েছে। মজুদ পরিস্থিতি সন্তোষজনক। বর্তমানে চলতি আমন সংগ্রহ/২০২৪-২৫ মৌসুমে অত্র উপজেলায় ৬৪০ মে.টন ধান, ২২৯৫ মে.টন সিদ্ধ চাল ও ৯৩৮ মে.টন আতপ চালের লক্ষ্যমাত্রা পাওয়া গেছে। প্রতি কেজি ধানের সংগ্রহ মূল্য ৩৩/- টাকা, প্রতি কেজি সিদ্ধ চালের সংগ্রহ মূল্য ৪৭/- টাকা এবং প্রতি কেজি আতপ চালের সংগ্রহ মূল্য ৪৬/- টাকা নির্ধারন করা হয়েছে। আগামী ২৮/০২/২০২৫ তারিখ পর্যন্ত ধান ও চাল সংগ্রহের সময়সীমা নির্ধারন করা হয়েছে। অত্র উপজেলায় কৃষকের অ্যাপসের মাধ্যমে সরাসরি কৃষকের নিকট হতে ধান সংগ্রহ কার্যক্রম পরিচালিত হবে। কৃষকগণ অনলাইনে ধান সরবরাহের জন্য আবেদন করতে পারবেন। আবেদন করতে কৃষকের জাতীয় পরিচয়পত্র ও মোবাইল নম্বর দিয়ে কৃষকের অ্যাপস এ আবেদন করতে হবে। অনলাইনে আবেদনকৃত অনুমোদিত কৃষকদের নিকট হতে সরাসরি ধান ক্রয় করা হবে এবং বৈধ লাইসেন্সধারী চুক্তিবদ্ধ চালকল মালিকগণের নিকট হতে সিদ্ধ ও আতপ চাল সংগ্রহ করা হবে। ধান সংগ্রহের বিষয়ে বহুল প্রচারের জন্য ইতিমধ্যে উপজেলায় মাইকিং ও লিফলেট বিতরন করা হয়েছে। কৃষকগণ যাহাতে সরকারি গুদামে নির্ধারিত সরকারি মূল্যে ধান বিক্রয়ে আগ্রহী হন এ বিষয়ে কৃষকগণকে অবহিত করার জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এছাড়া খাদ্য বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আলোচনান্তে যে সকল কৃষকগণ সরকারিভাবে ধান বিক্রয় করতে আগ্রহী তাদেরকে আগামী ২৮/০২/২০২৫ তারিখের মধ্যে অনলাইনে আবেদন সম্পন্ন করার বিষয়টি বহুল প্রচারের জন্য উপজেলা কৃষি অফিসার, সুনামগঞ্জ সদর, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ সদর এবং সকল ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা কৃষি অফিসার, সুনামগঞ্জ সদর<br>২। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ সদর<br>৩। চেয়ারম্যান (সকল) ইউ/পি সুনামগঞ্জ সদর। |
| ২. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান অনগ্রসর জনগোষ্ঠী, প্রতিবন্ধী, হিজড়া, বেদে, ক্ষুদ্রনৃগোষ্ঠীর ভাতার অনলাইন আবেদন ১৪ নভেম্বর/২০২৪ তারিখ হতে ৩০ নভেম্বর/২০২৪ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদে নথি প্রেরণ করা হয়েছে। চলতি মাসে দগ্ধ ও প্রতিবন্ধী পুনর্বাসন কার্যক্রমের আওতায় ০৪ জন প্রতিবন্ধীদের মাঝে ২০,০০০/-(বিশ হাজার) টাকা করে সর্বমোট ৮০,০০০/-(আশি হাজার) টাকার ক্ষুদ্র ঋণ বিতরণ করা হয়েছে। এছাড়া সমাজসেবা বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আলোচনান্তে ১৪ নভেম্বর ২০২৪ হইতে ৩০ নভেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত প্রতিবন্ধী, হিজড়া, বেদে, ক্ষুদ্রনৃগোষ্ঠী ও অনগ্রসর উপকারভোগীদের ভাতার অনলাইন আবেদন এর বিষয়টি বহুল প্রচার করার জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণ এবং উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর<br>ও<br>চেয়ারম্যান (সকল) ইউ/পি সুনামগঞ্জ সদর। |

Scanned with OKEN Scanner

| | | | |
|---|---|---|---|
| ১৩. | উপজেলা সমবায় কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান ২০২৪-২০২৫ অর্থ বছরে ১৫২টি সমবায় সমিতির মধ্যে ৭৮টি সমবায় সমিতির অডিট সম্পন্ন করা হয়েছে, অবশিষ্ট সমিতিগুলোর অডিট চলমান রয়েছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে ১৫টি নির্বাচন যোগ্য সমিতির মধ্যে ০৩টি সমিতির নির্বাচন সম্পন্ন হয়েছে। তাছাড়া সমিতির অডিট ফি বাবদ ৪৪,১৫০/-(পঁয়ত্রিশ হাজার সাতশত আশি) টাকা, সমবায় উন্নয়ন তহবিল (সিডিএফ) বাবদ ২৩,৪৭৬/-(এগারো হাজার ছয়শত বিয়াল্লিশ) টাকা আদায় করা হয়েছে এবং অনলাইনে ০২টি সমিতির নিবন্ধন সম্পন্ন হয়েছে। এছাড়া সমবায় বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আলোচনান্তে অবশিষ্ট সমিতিগুলোর অডিট এবং নির্বাচন দ্রুত শেষ করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। |
| ১৪. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান চলতি মাসে বিআরডিবির আওতায় ক্ষুদ্র ঋণ বিবতণ হয়েছে ১০,৫০,০০০/-(দশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা, ক্ষুদ্র ঋণ আদায় হয়েছে ৮,৮০,০০০/-(আট লক্ষ আশি হাজার) টাকা এবং এসএমই ঋণ বিতরণ হয়েছে ৬,৫০,০০০/-(ছয় লক্ষ পঞ্চাশ হাজার) টাকা, এসএমই ঋণ আদায় হয়েছে ৫,৯০,০০০/-(পাঁচ লক্ষ নব্বই হাজার) টাকা। মোট ঋণ বিতরণ হয়েছে ১৭,০০,০০০/-(সতেরো লক্ষ) টাকা এবং আদায় হয়েছে ১৪,৭০,০০০/-(চৌদ্দ লক্ষ সত্তর হাজার) টাকা। তাছাড়া আইজিএ ভিত্তিক ৪০ জন সদস্যদের প্রশিক্ষণ বাবাদ ১,৪৭,০০০/-(এক লক্ষ সাতচল্লিশ হাজার) টাকার বরাদ্দ পাওয়া গেছে। এছাড়া পল্লী উন্নয়ন বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। |
| ১৫. | উপজেলা শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সুনামগঞ্জ সদর সভায় জানান ২০২৪-২০২৫ অর্থ বছরের চলতি মাসে ঋণ বিতরণ হয়েছে ৯০,৫০,০০০/-(নব্বই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা, ঋণ আদায় হয়েছে ৯৫,৪৫,০০০/-(পঁচানব্বই লক্ষ পঁয়তাল্লিশ হাজার) টাকা এবং সঞ্চয় আদায় হয়েছে ৮,৭৫,০০০/-(আট লক্ষ পঁচাত্তর হাজার) টাকা। এছাড়া পল্লী সঞ্চয় ব্যাংক এর অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আলোচনান্তে পল্লী সঞ্চয় ব্যাংক এর সকল দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনসহ নিয়মিত মনিটরিং পূর্বক ঋণ বিতরণের প্রতিবেদন আগামী সভায় অবহিতকরণের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সুনামগঞ্জ সদর। |
| ১৬. | ইউআরসি ইন্সট্রাক্টর, সুনামগঞ্জ সদর সভায় জানান প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের পেশাগত দক্ষতা বৃদ্ধির জন্য ২০২৪-২৫ অর্থ বছরে শিক্ষকদের প্রশিক্ষণ আয়োজন করার জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তর হতে অর্থ বরাদ্দ এবং প্রশিক্ষণ আয়োজনের নির্দেশনা দেয়া হয়েছে। এর আওতায় বাংলা বিষয়ে ৩ ব্যাচে ৯০ জন শিক্ষককে বাংলা বিষয়ে প্রশিক্ষণ দেয়া হবে। প্রধান শিক্ষকদের নেতৃত্ব দক্ষতা বিকাশের জন্য ২টি ব্যাচে ৫০ জন প্রধান শিক্ষককে লিডারশিপ প্রশিক্ষণ দেয়া হবে। প্রাথমিক বিদ্যালয়ের ৩য় প্রান্তিক পরীক্ষা শেষ হবার পরপরই পর্যায়ক্রমে শিক্ষকদের প্রশিক্ষণ শুরু করা হবে। প্রাথমিক | আলোচনান্তে সুষ্ঠুভাবে প্রশিক্ষণ সম্পন্ন করার জন্য ইউআরসি ইন্সট্রাক্টর, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | ইউআরসি ইন্সট্রাক্টর, সুনামগঞ্জ সদর। |

Scanned with OKEN Scanner

| | | | |
|---|---|---|---|
| | বিদ্যালয়ের শিক্ষকদের দক্ষতা বৃদ্ধির জন্য ইউআরসির মাধ্যমে আরও কিছু উদ্যোগ নেয়ার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এছাড়া ইউআরসির অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | | |
| ১৭. | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয় এর নিজস্ব ভবন নির্মাণের জন্য ১৫ শতাংশ জমি বরাদ্দ প্রয়োজন। তিনি জানান এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর মহোদয় বরাবর পত্র দেয়া হয়েছে। তিনি ভবন নির্মাণের জন্য ১৫ শতাংশ জমি বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাকে অনুরোধ জানান। | আলোচনান্তে উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয় এর নিজস্ব ভবন নির্মাণের জন্য ১৫ শতাংশ জমি বরাদ্দ প্রদানের বিষয়ে স্থানীয় সরকার মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। |
| ১৮. | উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান উপজেলা নির্বাহী অফিসারের পুরাতন বাসভবনের স্থানসহ পরিষদের উত্তর-পূর্ব কোনা বরাবর ০.৩৬ একর জায়গায় মহামান্য বাংলাদেশ সুপ্রীম কোর্ট এর আপিল বিভাগের সিভিল পিটিশন নং ১৮২/২০২৩ দায়ের আছে এবং মামলাটি বর্তমানে বিচারাধীন অবস্থায় রয়েছে। উক্ত মামলাটি সঠিকভাবে পরিচালনা করা প্রয়োজন মর্মে সভাকে অবগত করেন। তিনি উক্ত মামলা পরিচালনা করার বিষয়ে দক্ষ আইনজীবীর সহায়তা গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাকে অনুরোধ জানান। | আলোচনান্তে উপজেলা পরিষদের ০.৩৬ একর জায়গায় মহামান্য বাংলাদেশ সুপ্রীম কোর্ট এর আপিল বিভাগের সিভিল পিটিশন নং ১৮২/২০২৩ মামলাটি সঠিকভাবে পরিচালনা করার বিষয়ে দক্ষ আইনজীবীর সহায়তা গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর। |
| ১৯. | বিবিধ : উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান নভেম্বর/২০২৪ মাসে আপ্যায়ন বাবদ ২৯,৯৬০/- (উনত্রিশ হাজার নয়শত ষাট) টাকা, আনুষাঙ্গিক ব্যয় বাবদ ৪,৯৭০/- (চার হাজার নয়শত সত্তর) টাকা, পরিষদের ইন্টারনেট বাবদ ২,০০০/- (দুই হাজার) টাকা এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের বৈদ্যুতিক লাইন মেরামত ও মজুরী বাবদ ২৯,৭০০/-(উনত্রিশ হাজার সাতশত) টাকার বিল পরিশোধের আবেদন পাওয়ার যায়। | আলোচনান্তে বর্ণিত ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার সুনামগঞ্জ সদর ও প্রশাসক উপজেলা পরিষদ সুনামগঞ্জ সদর। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/১১/২০২৪

অতীশ দর্শী চাকমা
উপজেলা নির্বাহী অফিসার
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
ফোন : ০২২-৯৯৬৬০০০৭২
ই-মেইল : unosunamganjsadar@gmail.com

ক নং: ০৫.৪৬.৯০৮৯.০০০.১১.০৬৪.১৯-১৮১৬(৫০)

তারিখ: ২৮ নভেম্বর ২০২৪ খ্রি.

Scanned with OKEN Scanner

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে ।

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
৬। উপজেলা .......................................... কর্মকর্তা(সকল), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
৭। চেয়ারম্যান, ......................... ইউনিয়ন পরিষদ(সকল), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
৮। জনাব/বেগম .............................................. সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
৯। সহকারী প্রোগ্রামার, তথ্য যোগাযোগ ও প্রযুক্তি অধিদপ্তর, সুনামগঞ্জ।
১০। অফিস কপি/মাস্টার ফাইল।

২৮/১১/২০২৪

অতীশ দর্শী চাকমা
উপজেলা নির্বাহী অফিসার
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

Scanned with OKEN Scanner